গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

**জগন্নাথপুর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির জুলাই -২০২২ মাসের সভার কার্যবিবরণী :**

সভাপতি : জনাব মোঃ সাজেদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
তারিখ : ২৫/০৭/২০২২, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা জুন-২০২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধের তুলনামূলক চিত্র তুলে ধরেন।

২. অপরাধের তুলনামূলক চিত্র: (অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে)

**জুন/ ২০২২**

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আলোচ্য মাস | বিগত মাস | বিগত বছরের অনুরূপ মাস |
|---|---|---|---|---|
| ০১ | ডাকাতি | - | - | - |
| ০২ | দস্যুতা | - | - | - |
| ০৩ | সিঁধেল চুরি | - | - | - |
| ০৪ | গবাদি পশু চুরি | - | | - |
| ০৫ | তার চুরি | - | - | - |
| ০৬ | অন্যান্য চুরি | - | - | - |
| ০৭ | খুন | ০১ | - | ০১ |
| ০৮ | দাঙ্গা | - | - | - |
| ০৯ | দাঙ্গাসহ খুন | - | - | - |
| ১০ | অস্ত্র আইন | | - | - |
| ১১ | সড়ক দূর্ঘটনা | - | - | - |
| ১২ | মাদকদ্রব্য | - | ০১ | ০১ |
| ১৩ | চোরাচালান | - | - | - |
| ১৪ | পুলিশ আক্রান্ত | - | - | - |
| ১৫ | নারী নির্যাতন (ধর্ষণ) | - | - | - |
| ১৬ | এসিড নিক্ষেপ | - | - | - |
| ১৭ | অন্যান্য (নারী নির্যাতন) | ০২ | ০৩ | ০২ |
| ১৮ | বিস্ফোরক দ্রব্য | - | - | - |
| ১৯ | দ্রুত বিচার আইন | - | - | - |
| ২০ | অন্যান্য | ০৯ | ০৯ | ০৩ |
| | মোট | ১২ | ১৩ | ০৭ |

প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, বিগত মে -২০২২ মাসের তুলনায় জুন - ২০২২ মাসে অপরাধ কমেছে এবং বিগত বছরের একই সময়ের তুলনায় অপরাধ বেড়েছে। এ বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভায়

উপস্থিত অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, জনসাধারণ যাতে কোন ধরনের হয়রানি না হয় সে দিকে সর্বদা সতর্ক দৃষ্টি রাখতে হবে এবং আইনের শাসন প্রতিষ্ঠার সর্বাত্মক প্রচেষ্টা ও সহযোগিতা অব্যাহত রাখতে হবে।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | আলোচনা: ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা করে কার্যবিবরণী দাখিল করার কথা থাকলেও কোন ইউনিয়ন হতে সভার কর্যবিবরণী পাওয়া যায়নি ।<br><br>ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা সম্পন্ন করতঃ সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়রম্যানগণকে অনুরোধ করা হয়।<br>চেয়ারম্যান পাইলগাঁও ইউপি সভায় জানান, গত মাসে পাইলগাঁও ইউনিয়নের শ্যামারগাঁও এবং বাঘাউড়া গ্রামের মধ্যে একটি অপ্রীতিকর গঠনা ঘটে যা পরবর্তীতে উভয় গ্রমের লোকজনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে। তাছাড়া মা ফতেমা মাদ্রাসায় কোরবানীর মাংস বিতরন নিয়ে অপ্রীতিকর গঠনা ঘটে। এ মাদ্রাসায় প্রতিবছর এরূপ গঠনা ঘটে। মাদ্রাসাটি কিভাবে সৃজন হল এবং মাদ্রাসায় পাঠদান/ পরিচালনায় সরকারি বিধি বিধান অনুসরণ করা হয় কিনা এনিয়ে এলাকায় জনমনে প্রশ্ন রয়েছে। মাদ্রাসায় জায়গা নিয়েও অনেক জটিলতা রয়েছে। কিছুদিন আগে মাদ্রাসায় মাটিকাটা নিয়ে একজন অভিয়োগ করে যা পরবর্তীতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নিস্পন্ন করা হয়। পাইলগাঁও ইউনিয়নের পার্শ্ববর্তী ইনাতগঞ্জ সিএনজি স্ট্যান্ড এবং জগন্নাথপুর উপজেলায় অবস্থিত সিএনজি স্ট্যান্ড এর সীমানা নিয়ে বিরোধ নিস্পত্তির লক্ষ্যে সীমানা চিহ্নিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান কলকলিয়া ইউপি সভায় জানান, কলকলিয়া ইউনিয়নে একটি খুন কে কেন্দ্র করে এলাকার পরিস্থিতি উত্তপ্ত ছিল। বর্তমানে পরিস্থিতি শান্ত হয়েছে। তাছাড়া ইউনিয়নের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>চেয়ারম্যান চিলাউড়া হলদিপুর ইউপি সভায় জানান চিলাউড়া হলদিপুর ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>সভায় ইউনিয়ন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | বিদ্যুতের লোডসেডিং সংক্রান্ত | নির্বাহী প্রকৌশলী,বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জগন্নাথপুর সভায় জানান, বর্তমানে সারাদেশে বিদ্যুতের ঘাটতি রয়েছে। তদ্রুপ জগন্নাথপুর উপজেলায়ও চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ অনেক কম থাকায় লোডসেডিং করতে হচ্ছে। দেশের বর্তমান প্রেক্ষাপটে বিদ্যুতের সাময়িক সমস্যার বিষয়টি জনসাধারণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন চাহিদার তুলনায় অনেক কম বিদ্যুৎ পাওয়ার কারনে গ্রহকগণের চাহিদা পূরণ করা সম্ভব হচ্ছে না, এ পরিস্থিতিতে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিশেষ করে রাত ৮ টার পর বাজারের নিত্য প্রয়োজনীয় দ্রব্য এবং ঔষধের দোকান ছাড়া দোকান বন্ধ রাখার প্রস্তাব করেন।<br>জনাব মো: সাইফুল ইসলাম রিপন সভায় জানান, বিদ্যুৎ এর ঘাটতি এটি জাতীয় সমস্যা। এ সমস্যা মোকাবেলায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।<br>মাও: নিজাম উদ্দিন জালালী সভায় জানান, নামাজের সময় মসজিদে বিদ্যুৎ না থাকলে মুসুল্লিদের নামাজ পড়তে কষ্ট হয় বিধায় নামাজের সময় সমজিদ এলাকায় লোডসেডিং না করার প্রস্তাব করেন।<br>অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা সভায় জানান, বিদুৎ সাশ্রয়ের জন্য রাত ৮টার পর দোকানগুলো বন্ধ রাখার বিষয়ে বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে মাইকিং করার প্রস্তাব করেন। তিনি বলেন এ পরিস্থিতিতে জনপ্রতিনিধিগণের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাঁরা স্ব স্ব এলাকায় সরকারের সিদ্ধান্তের বিষয়টি জনসাধারণকে বুঝিয়ে বলতে পারেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জগন্নাথপুর সভায় জানান, বিদ্যুৎ এর ব্যবহার সংক্রান্ত মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে উপজেলার সর্বত্র মাইকিং করার জন্য বিদ্যুৎ বিভাগের প্রতি অনুরোধ জানান এবং প্রত্যেকের নিজ নিজ অবস্থানে বিদ্যুৎ এর ব্যবহারে সাশ্রয়ী হওয়ার আহবান জানান ।<br><br>**সিদ্ধান্ত :** (১) জগন্নাথপুর উপজেলাধীন সকল বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্য এবং ঔষধের দোকান ছাড়া সকল দোকানপাট রাত ৮ টার পর বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি উপজেলার সর্বত্র মাইকযোগে প্রচার করার জন্য আবাসিক প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড জগন্নাথপুরকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড জগন্নাথপুর<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল),জগন্নাথপুর |
| ০৪ | উপজেলা আইনশৃংখলা পরিস্থিতি সংক্রান্ত : | **আলোচনা :** অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় উপজেলার আইন শঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>প্যানেল মেয়র,জগন্নাথপুর পৌরসভা সভায় জানান, জগন্নাথপুর সুনামগঞ্জ রোডে চলাচরকারী বাস ব্রীজের উপর দিয়ে চলাচলের সময় অন্য কোন যানবাহন চলতে না পারায় পৌর পয়েন্ট এবং খাদ্য গুদাম সংলগ্ন রাস্তায় যানজট সৃষ্টি হয়।<br>চেয়ারম্যান, কলকলিয়া ইউপি, সভায় জানান, টম টম, ট্রলি চালকগণ লাইসেন্স দেয়ার জন্য আবেদন করে। এ বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেয়ার জন্য সভায় অনুরোধ জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর সভায় জানান, টম টম, ট্রলির মত যানবাহনের চালকদের বয়স নির্ধারণসহ যান চালানোর বিষয়ে চালকদের প্রাথমিক ধারনা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।<br><br>**সিদ্ধান্ত :** সংশ্লিষ্ট সকলকে নিয়ে দ্রুত সভা আহবান ও কর্মপরিকল্পনা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, জগন্নাথপুর পৌরসভা,<br>অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | বাল্য বিবাহ সংক্রান্ত : | এ উপজেলায় এখন পর্যন্ত কোন বাল্য বিবাহের খবর পাওয়া যায়নি। বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | বিবিধ | আলোচনা: চেয়ারম্যান উপজেলা পরিষদ জগণ্ণাথপুর সভায় জানান, অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় জগন্নাথপুর থানায় মামলা সংখ্যা কমেছে। টম টম, ট্রলি অবৈধ যানবাহন হলেও চালকরা একাজ করে সংসার চালায়। তবে যানবাহনের অবৈধ পার্কিং রোধ করা প্রয়োজন। ডাকবাংলো এর পাশের ব্রীজ দ্রুত চলাচলের উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সহকারী কমিশনার (ভূমি) জগন্নাথপুর অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা এবং চেয়ারম্যান,সকল ইউপি, জগন্নাথপুর |

বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে এবং উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০৭.২০২২

(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
ইমেইল-jagannathpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২০- ৪৯৩

তারিখ : ২৫/০৭/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ ।
২. পুলিশ সুপার, সুনামগঞ্জ ।
৩. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২.------------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩. উপজেলা ................................................ (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৪. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. চেয়ারম্যান ...................................... ইউনিয়ন পরিষদ (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. জনাব........................................................ (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৭. ওয়েব পোর্টাল।
৮. অফিস নথি/মাস্টার ফাইল ।

২৫.০৭.২০২২

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা ; June/22

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | | | |
| ০৩ | Dr: [illegible], UHFPO | 01764224466. | [signature] |
| ০৪ | মো: মিজানুর রহমান ওসি, [illegible] থানা | ০১৭১২-২৯২১৫৬ | [signature] |
| ০৫ | [illegible] | 01712747842 | [signature] |
| ০৬ | [illegible] | 01720671622 | [signature] |
| ০৭ | মো: মোজাম্মেল খান | 01717946675 | [signature] |
| ০৮ | [illegible] | 01716847799 | [signature] |
| ০৯ | মাও: [illegible] | 01715953815 | [signature] |
| ১০ | মোহাম্মদ জিল্লুর রহমান [illegible] | 01721-226362 | [signature] |
| ১১ | [illegible] | 01718250189 | [signature] |
| ১২ | [illegible] | [illegible] | [signature] |
| ১৩ | [illegible] রায় সভাপতি, [illegible] | [illegible] | [signature] |
| ১৪ | আবুল [illegible] | 01712079570 | [signature] |
| ১৫ | মো. আজিজুল ইসলাম [illegible] | 01755582347 | [signature] |
| ১৬ | মো: রেজাউল করিম [illegible] | 01716673912 | [signature] |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |